Vol. IV, Issue-I, 2024 ISSN:2584-0126

SKBU JOURNAL OF PHILOSOPHY
PEER REVIEWED

# অপরাধতত্ত্ব : বৌদ্ধ নীতিতত্ত্বের আলোকে একটি সমীক্ষা

Dr. Debabrata Saha

**সারসংক্ষেপ**

বুদ্ধবচন লিপিবদ্ধ হয়েছে ত্রিপিটকে। ত্রিপিটক বলতে তিনটি পিটককে বোঝানো হয়। যথা, সূত্তপিটক, বিনয়পিটক এবং অভিধর্মপিটক। ত্রিপিটকে মোট চুরাশি হাজার বুদ্ধ বচন সংকলিত হয়েছে। কথিত আছে ত্রিপিটকের অন্তর্গত বিনয়পিটকে বিনয় সংক্রান্ত অর্থাৎ বিধি-বিধানসমূহ লিপিবদ্ধ হয়েছে। একটি সংঘ পরিচালনার ক্ষেত্রে বিধি-বিধান খুবই প্রয়োজনীয়। তাই ভগবান বুদ্ধ সংঘ পরিচালনার উদ্দেশ্যে বিধি-বিধান প্রণয়ন করেন। এই বিধি-বিধান তিনি একসঙ্গে প্রণয়ন করেননি। এক একটি ঘটনা ঘটেছে আর এক একটি বিধি-বিধান চালু হয়েছে। এই বিধি-বিধানগুলি খুবই সাধারণ। আমরা কেউ কেউ অহরহ পালন করি আবার কেউ কেউ অহরহ লঙ্ঘণ করি। তবে, পালিত এবং লঙ্ঘিত হওয়ার ব্যাপারটা সম্পূর্ণ ব্যক্তিকেন্দ্রিক। কারণ, ব্যক্তি বিভিন্ন বিষয়ের সাথে জুড়ে থাকে। যেমন, ব্যক্তি সমাজের সাথে জুড়ে থেকে, পরিবারের সাথে জুড়ে থাকে, রাষ্ট্রের সাথে জুড়ে থাকে, আবার সংঘের সাথেও জুড়ে থাকে। যখন যার সাথে জুড়ে থাকে তখন তার বিধি-বিধান মেনে চলতে হয়। সাধারণত নিয়ম অমান্য করলে অপরাধ বলে গণ্য হয়। সংঘের ক্ষেত্রেও নিয়ম লঙ্ঘণ অপরাধের। গৌতমবুদ্ধ যে সংঘ প্রতিষ্ঠা করেছিলেন সেই সংঘের অপরাধের সংখ্যা ছিল দুশো সাতাশটি। তবে দুশো সাতাশটি অপরাধ কেবলমাত্র ভিক্ষুদের জন্য, ভিক্ষুণীদের জন্য তিনশো এগারোটি অপরাধ নির্ণিত হয়েছে। এই অপরাধগুলি বিভিন্ন ঘটনার নিরিখে নির্ণিত হয়েছে। আমাদের বর্তমান সমাজব্যবস্থাতেও বিধি-বিধান লঙ্ঘণ অপরাধ। গৌতমবুদ্ধ যে অর্থে সংঘ প্রতিষ্ঠা করেছিলেন সেই অর্থে পরিবার, প্রতিষ্ঠান এবং রাষ্ট্রকে সংঘ সংজ্ঞায় আখ্যায়িত করা যায়। বুদ্ধ যেভাবে তাঁর সংঘের জন্য বিধি-বিধান তৈরি করে অপরাধ নির্ণয় করেছেন সেভাবে পরিবার, প্রতিষ্ঠান এবং রাষ্ট্রের ক্ষেত্রে বিধি-বিধানগুলির লঙ্ঘণে অপরাধ হয় কিনা তা দেখার বিষয়। সেই উদ্দেশ্যকে সামনে রেখে এই প্রবন্ধে ঐ অপরাধগুলি উল্লেখ পূর্বক দার্শনিক বিশ্লেষণ করা হবে। আমরা মানুষ, চাইলে বহু কিছু করতে পারি আবার কিছু না করেও থাকতে পারি। এই অপরাধগুলি না করেও জীবন কাটাতে পারি। এই প্রবন্ধের মুখ্য উদ্দেশ্য হল অপরাধগুলি উল্লেখ পূর্বক বিচার বিশ্লেষণ করে বৌদ্ধ নীতিতত্ত্বের একটি গবেষণার পথ প্রসস্থ করা। যদিও বিনয়পিটকে যে অপরাধগুলি উল্লিখিত আছে সেগুলির সব কটি এই সংক্ষিপ্ত পরিসরে উল্লেখ করা সম্ভব নয়। তবুও অপরাধগুলি আলোচনা করে তার একটি দার্শনিক সমীক্ষাও করা হয়েছে।

মূল শব্দ : সংঘ, পারাজিক, পাচিত্তিয়, দেশনা, ধর্মরাজ্য, সেখিয়, সংঘাদিশেষ, সূত্তবিভঙ্গ।